**ইনকিলাব**

তারিখ 13 MAY 2009
পৃষ্ঠা ১৬ কলাম ৫

# জাতীয় দিবসে মাদ্রাসাও খোলা রাখার সিদ্ধান্ত

স্টাফ রিপোর্টার : বিদ্যালয়ের পাশাপাশি মাদ্রাসাও বিজয় দিবস, স্বাধীনতা দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস- এই তিন জাতীয় দিবসে খোলা রাখা হবে। গতকাল মঙ্গলবার জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমীতে (নায়েম) শিক্ষা বিষয়ক এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ একথা জানান। এর আগে রোববার শিক্ষা মন্ত্রণালয় ২১ ফেব্রুয়ারি, ২৬ মার্চ

পৃ ঃ ২ক ঃ ৩

## জাতীয় দিবসে মাদ্রাসাও

১৬-এর পৃষ্ঠার পর

ও ১৬ ডিসেম্বর এই তিন জাতীয় দিবসে নিম্ন মাধ্যমিক (ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত বিদ্যালয়) ও মাধ্যমিক বিদ্যালয় খোলা রাখার ব্যাপারে নির্দেশনা দেয়। আলোচনাসহ বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে এসব দিবসের তাৎপর্য শিক্ষার্থীদের মাঝে তুলে ধরতে এ সিদ্ধান্ত নেয় সরকার।

তবে শিক্ষা মন্ত্রণালয়ের ওই নির্দেশনায় মাদ্রাসার বিষয়টি উল্লেখ না থাকায় এ নিয়ে বিভ্রান্তির সৃষ্টি হয়। গতকাল শিক্ষামন্ত্রী এক প্রশ্নের জবাবে মাদ্রাসাকেও ওই নির্দেশনার অন্তর্ভুক্ত করার কথা জানিয়ে বলেন, "মাদ্রাসাও খোলা থাকবে। এ সংক্রান্ত আগের সিদ্ধান্তটি সংশোধন করা হবে।"

কলেজ-বিদ্যালয়ের বিষয়ে জানতে চাওয়া হলে তিনি বলেন, "কলেজ-বিদ্যালয়ে সাধারণত এসব দিনে অনুষ্ঠান হয়েই থাকে। আমরা স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে এসব দিবসের তাৎপর্য তুলে ধরতে চাই।"